

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-৩৮-আইন/২০২৫/২৭৪-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, উক্ত আইনের দ্বিতীয় তফসিলের টেবিল-৩ এর কলাম (১) এর শিরনাম সংখ্যা S0১২ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S0১২.১০ এর বিপরীতে টেলিফোন (শুধুমাত্র মোবাইল ফোনের সিম/রিম কার্ড ব্যবহারের মাধ্যমে প্রদত্ত সেবা) সেবার ক্ষেত্রে ২০ শতাংশের অতিরিক্ত সম্পূরক শুল্ক এবং সেবার কোড S0১২.১৪ এর বিপরীতে ইন্টারনেট সংস্থা (আইএসপি) সেবার ক্ষেত্রে আরোপিত সমুদয় সম্পূরক শুল্ক অব্যাহতি প্রদান করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুর রহমান খান এফসিএমএ

সচিব।

(৪৪৭)

মূল্য : টাকা ৮.০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-৩৯-আইন/২০২৫/২৭৫-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা এবং উহাদের বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এর বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবাসমূহের ক্ষেত্রে কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত পরিমাণ মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

টেবিল

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবাসমূহ	মূল্য সংযোজন কর হার
(১)	(২)	(৩)	(৪)
S001	S001.১০	নন-এসি হোটেল	১০%
	S001.২০	রেস্টোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদুর্ধ মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত)	৫%
S003	S003.১০	মোটর গাড়ীর গ্যারেজ এবং ওয়ার্কশপ	১০%
S022	S022.০০	মিষ্টান্ন ভাস্তর	১০%
S078	S078.০০	(ক) নিজস্ব ব্র্যান্ড সম্বলিত তৈরি পোশাক বিপণন	১০%
		(খ) নিজস্ব ব্র্যান্ড ব্যতীত তৈরি পোশাক বিপণন	৭.৫%

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজাপন

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-৪০-আইন/২০২৫/২৭৬-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সকল প্রকার ঔষধের ব্যবসায়ী পর্যায়ে ২.৪ (দুই দশমিক চার) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আব্দুর রহমান খান এফসিএমএ
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ / ২২ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-৪১-আইন/২০২৫/২৭৭-মুসক—জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৮৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ এবং ধারা ১২৭খ এর সহিত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে, উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরিউক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (২) এর ছকের কলাম (১) এ উল্লিখিত—

(ক) ক্রমিক নং ০১ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“ ০১.	S00১.১০	এসি হোটেল	১৫%	”; এবং
	S00১.১০	নন এসি হোটেল	১০%	
	S00১.২০	রেষ্টোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদুর্বৰ্ম মানের আবাসিক হোটেলে অবস্থিত রেষ্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেষ্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেষ্টুরেন্ট ব্যতীত)	৫%	

(খ) ক্রমিক নং ০৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“ ০৩.	S00৩.১০	মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ	১০%	”।
-------	---------	---------------------------------	-----	----

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মোঃ বদরুজ্জামান মুস্তী
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd